জনসংযোগ অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১

Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ব্রাকের সমঝোতা চুক্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ০৫ জুলাই ২০১৮।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সঙ্গে ব্রাক আইটি সার্ভিসেস লিমিটেড-এর (বিআইটিএস) সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল কক্ষে বেলা এগারোটায় বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো.মনজুরুল হক এবং বিআইটিএস-এর পক্ষে মানবসম্পদ উন্নয়ন বিভাগের প্রধান ইসমত জাহান চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম, বিআইটিএস-এর কর্মকর্তা মাশফিক আনোয়ার, শাহাদাৎ কবির, তাসাফুর রহমান, মার্কেটিং বিভাগের সভাপতি নাঈমা আহমেদ, সহযোগী অধ্যাপক নিগার সুলতানাসহ মার্কেটিং বিভাগের অন্যান্য শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

এ চুক্তির আওতায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের শিক্ষার্থীগণ বিআইটিএস-এ ইন্টার্নশীপ, সেমিনার, কর্মশালা এবং চাকরিতে প্রবেশের সুযোগ লাভ করবে।

পরিচালক

জনসংযোগ অফিস